Sem. II, Bengali, General - 2020

Course : CC/GE-2

Teacher : P. K. Acharyya

Model Question Answer

Marks : 1X15

ক. মধ্যভারতীয় আর্যভাষার স্থিতিকাল লেখো। ঐ আর্যভাষার ভাষাগত নাম কী?

উত্তর : ৬০০ খ্রিস্টপূর্বাব্দ থেকে ৯০০ খ্রিস্টাব্দ।
প্রাকৃত ভাষা।

খ. অন্ত্য-মধ্য বাংলা ভাষার কালসীমা লেখো। ঐ বাংলা ভাষার নিদর্শন কী কী?

উত্তর : ১৫০১ খ্রিস্টাব্দ থেকে ১৭৬০ খ্রিস্টাব্দ (মতান্তরে ১৮০০ খ্রিস্টাব্দ)।
বৈষ্ণব পদাবলী, মঙ্গল কাব্য, অনুবাদ কাব্য, শাক্ত পদাবলী ইত্যাদি।

গ. বাংলা ভাষার জন্ম কখন হয়? ঐ ভাষা কয়টি স্তরে বিভক্ত ও কী কী?

উত্তর : ৯০০ খ্রিস্টাব্দ থেকে ১০০০ খ্রিস্টাব্দ।
তিনটি স্তর — আদি স্তর বা প্রাচীন বাংলা, মধ্য স্তর বা মধ্য বাংলা, আধুনিক স্তর বা আধুনিক বাংলা।

ঘ. প্রাচীন ভারতীয় আর্যভাষার কাল সীমা লেখো। ঐ ভাষার নিদর্শন কী?

উত্তর : ১৫০০ খ্রিস্টপূর্বাব্দ থেকে ৬০০ খ্রিস্টপূর্বাব্দ।
বেদ / ঋকবেদ সংহিতা।

ঙ. মধ্যভারতীয় আর্যভাষার আঞ্চলিক রূপগুলি কী কী?

উত্তর : পৈশাচী প্রাকৃত, মহারাষ্ট্রী প্রাকৃত, শৌরসেনী প্রাকৃত, মাগধী প্রাকৃত, অর্ধমাগধী প্রাকৃত।

চ. বাংলা ছন্দে প্রধানত কটি ধারাকে মান্যতা দেওয়া হয় ও কী কী?

উত্তর : তিনটি — অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত ও স্বরবৃত্ত।

ছ. 'আমাদের ছোট নদী চলে আঁকেবাঁকে / বৈশাখ মাসে তার হাঁটুজল থাকে।'—
এই কবিতাটিতে কোন্ ছন্দের প্রয়োগ ঘটেছে?

উত্তর : দলবৃত্ত / শ্বাসাঘাতপ্রধান / স্বরবৃত্ত।

জ. কোন্ কোন্ ছন্দোরীতির লয় ধীর ও মাঝারি?

উত্তর : অক্ষরবৃত্ত / মিশ্রকলাবৃত্ত / তানপ্রধান।
কলাবৃত্ত / মাত্রাবৃত্ত / ধ্বনিপ্রধান।

ঝ. ছন্দে অক্ষর বলতে কী বোঝো?

উত্তর : কণ্ঠযন্ত্রের একক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিসমষ্টি।

ঞ. ছন্দবিচারে দল কয়প্রকার ও কী কী?

উত্তর : দুই প্রকার — i) মুক্ত দল (open syllable)
ii) রুদ্ধ দল (closed syllable).

[পরের পাতায়]

Scanned with CamScanner

ট. অলংকার কয় প্রকার ও কী কী ?
উত্তর : দুই প্রকার — i) শব্দালঙ্কার
ii) অর্থালঙ্কার,

ঠ. 'কেতকী কেশরে কেশপাশ কর সুরভি'— এই কবিতাটিতে কোন্ অলংকারের প্রয়োগ ঘটেছে ?
উত্তর : অনুপ্রাস / বৃত্ত্যনুপ্রাস।

ড. 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় / পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি'— এই কবিতাটিতে কোন্ অলংকারের প্রয়োগ ঘটেছে ?
উত্তর : বাচ্যোৎপ্রেক্ষা।

ঢ. ব্যাজস্তুতি অলংকার কোন্ অলংকারের অন্তর্গত ? উদাহরণ দাও।
উত্তর : অর্থালংকার।
'কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে, / হে প্রচেতঃ !'

ণ. উপমা অলংকার কয় প্রকার ও কী কী ?
উত্তর : ছয় প্রকার — ১. পূর্ণোপমা,
২. লুপ্তোপমা,
৩. মালোপমা,
৪. স্মরণোপমা,
৫. বস্তু-প্রতিবস্তু ভাবের উপমা ও
৬. বিম্ব-প্রতিবিম্ব ভাবের উপমা।

Scanned with CamScanner